# AKASHVANI(AIR)
# RNU:KOLKATA
# BengaliText Bulletin

**Date 27-01-2026 Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবরঃ–

১) পশ্চিমবঙ্গের অগ্রগতির জন্য সকলকে একজোট হওয়ার আহ্বান জানিয়েছেন রাজ্যপাল সি ভি আনন্দ বোস।

২) দু-দিনের রাজ্য সফরে আজ দুর্গাপুর আসছেন বিজেপি-র সর্ব ভারতীয় সভাপতি নীতিন নবীন।

৩) দক্ষিণ ২৪ পরগনার নাজিরাবাদে গোডাউনে আগুন লাগার ঘটনায় মৃতের সংখ্যা বেড়ে হয়েছে ৮। এখনও বেশ কয়েকজন নিখোঁজ। রাজ্য সরকার প্রকৃত মৃতের সংখ্যা আড়াল করছে বলে বিজেপির অভিযোগ।

৪) বিজেপি বেহালার সখের বাজারে পরিবর্তন সংকল্প সভায় আগুন লাগানোর ঘটনায় জড়িতদের শাস্তির দাবি জানিয়েছে।

৫) পশ্চিমী ঝঞ্ঝার কারণে তাপমাত্রা বাড়লেও শীতের আমেজ এখনি উধাও হচ্ছে না।

ooooooooooooooooo

পশ্চিমবঙ্গের অগ্রগতির জন্য সকলকে এক জোট হওয়ার আহ্বান জানিয়েছেন রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোস। সাধারণতন্ত্র দিবসে রাজ্যবাসীর উদ্দেশে দেওয়া এক

ভাষণে তিনি বলেন, বর্তমানে দেশ বিকশিত ভারত হয়ে ওঠার পথে  দ্রুত গতিতে এগিয়ে চলেছে। সেই বিকশিত ভারতের অবিচ্ছেদ্য অঙ্গ হল বিকশিত বাংলা।

( বাইট – রাজ্যপাল)

ডক্টর বোস বলেন, ভারতের ইতিহাসে পশ্চিমবঙ্গের একটি বিশেষ স্থান রয়েছে। মহান সমাজ সংস্কারক, বিপ্লবী ও স্বাধীনতা সংগ্রামীদের পবিত্র ভূমি হল এই বাংলা। সংবিধানে বর্ণিত সাম্য, ন্যায়বিচার, ভ্রাতৃত্ববোধের ধারণা আজও সমাজে সমান প্রাসঙ্গিক বলে উল্লেখ করেন তিনি।

গতকাল রেডরোডে সাধারণতন্ত্র দিবসের কুচকাওয়াজে অভিবাদন গ্রহন করেন রাজ্যপাল। পরে চিরাচরিত ঐতিহ্য মেনে সাধারণতন্ত্র দিবসে লোকভবনে চা-চক্রের আয়োজন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। রাজ্যপাল সিভি আনন্দ বোসের সঙ্গে সৌজন্য সাক্ষাত করেন তিনি। এছাড়াও রাজ্য বিজেপির সভাপতি ও সাংসদ শমীক ভট্টাচার্য, বামফ্রন্ট চেয়ারম্যান বিমান বসু, প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকারও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

এই অনুষ্ঠানে বিভিন্ন ক্ষেত্রের কৃতীদের বন্দেমাতরম পুরস্কার প্রদান করেন রাজ্যপাল সিভি আনন্দ বোস। পদ্মশ্রী পুরস্কার প্রাপক সন্তুর বাদক পন্ডিত তরুণ ভট্টাচার্য, অধ্যাপক মহেন্দ্রনাথ রায়ের হাতে এই সম্মান তুলে দেন রাজ্যপাল। এছাড়াও চলচ্চিত্র পরিচালক সুজিত সরকার, শিল্পপতি চন্দ্রশেখর ঘোষ, প্রবীণ অভিনেতা মোহন বাবু  সহ বিভিন্ন ক্ষেত্রের বিশিষ্টদের উৎকৃষ্ট স্বীকৃতি স্বরূপ এই পুরস্কার দেওয়া হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০

৭৭তম সাধারণতন্ত্র দিবস ও “বন্দে মাতরম্” রচনার ১৫০তম বর্ষপূর্তি উপলক্ষ্যে গত সন্ধ্যায় ভারতীয় জাদুঘরে এক সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার বলেন, ভারতের গণতন্ত্র শুধুমাত্র সর্ববৃহৎ নয়,বিশ্বের সর্ব প্রাচীন গণতন্ত্র। এবছরের পদ্ম পুরস্কার এরাজ্য থেকে ১১ জন মনোনীত হয়েছেন। গণতন্ত্রকে সম্মান জানিয়েই সরকার দেশের প্রান্তিক মানুষকে জাতীয়স্তরে স্বীকৃতি দিয়েছে। এটিই বর্তমান কেন্দ্রীয় সরকারের সাফল্য এবং সাধারণতন্ত্র দিবসের সবচেয়ে বড় নিদর্শন।

(বাইট – সুকান্ত)

এদিকে, এবছর পদ্মশ্রী সম্মান পেয়েছেন পূর্ব বর্ধমানের কালনার তাঁতশিল্পী জ্যোতিশ দেবনাথ । মসলিন জামদানির শাড়ির ওপর সুক্ষ কাজ ফুটিয়ে তোলার স্বীকৃতি হিসেবে এই সম্মান। তিনি জানিয়েছেন, আগামী দিনে পরবর্তী প্রজন্মকে তাঁত শিল্পে উৎসাহিত করতে কাজ চালিয়ে যাবেন।

(বাইট – তাঁতশিল্পী)

০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রীর ফ্ল্যাগশিপ কর্মসূচী Pro-Governance and Timely Implementation - PRAGATI (প্রগতি)-র ৫০ তম বৈঠক সাফল্যের সঙ্গে অনুষ্ঠিত হয়। একে উল্লেখযোগ্য মাইলফলক হিসাবে দেখছে সরকার। ২০১৫ সালে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই উদ্যোগ চালু করার পর সম্পূর্ণ পাল্টে গেছে দেশের প্রশাসনিক ব্যবস্থাপনা। সম্ভব হয়েছে প্রকৃত সময়ে প্রকল্পের নজরদারি। মূল পরিকাঠামোগত প্রকল্পগুলি নিয়ে জনগণের মতামত বা অভিযোগ সরাসরি প্রধানমন্ত্রীর কাছে পাঠানো যাচ্ছে। একক ডিজিটাল প্ল্যাটফর্মের মধ্যে দিয়ে কেন্দ্র, রাজ্য ও বিভিন্ন মন্ত্রককে এক জায়গায় আনা সম্ভব হয়েছে, যা সফল গণতান্ত্রিক ব্যবস্থার অন্যতম উদাহরণ।

০০০০০০০০০০০০০০০০০

বিকশিত ভারত জি রাম জি আইনের বাস্তবায়ন এক ঐতিহাসিক সাফল্য বলে রায়গঞ্জের সাংসাদ কার্তিক চন্দ্র পাল মত প্রকাশ করেছেন। উত্তর দিনাজপুরের কালিয়াগঞ্জে এ সংক্রান্ত এক আলোচনা সভায় তিনি বলেন, খেটে খাওয়া সাধারণ মানুষের কথা ভেবেই প্রধানমন্ত্রীর নরেন্দ্র মোদীর নেতৃত্বাধীন কেন্দ্রীয় সরকার একাধিক উন্নয়নমূলক পদক্ষেপ নিচ্ছে। বিকশিত ভারতে স্বপ্ন বাস্তবায়নে মূল ভিত্তি হল গ্রাম। কাজের নিশ্চয়তা, আয় বৃদ্ধি এবং আত্মনির্ভরতার পথে গ্রামের মানুষকে এগিয়ে নিয়ে যাওয়াই এই প্রকল্পের মূল লক্ষ্য।

ooooooooooooooooo

দায়িত্ব গ্রহণের পর বিজেপির সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন দলীয় কর্মসূচিতে অংশ নিতে আজ দু-দিনের সফরে এরাজ্যে আসছেন। বিকেলে তিনি পশ্চিম বর্ধমানের অন্ডাল বিমানবন্দরে এসে পৌঁছাবেন। সেখান থেকে দুর্গাপুরে চিত্রালয় মেলা ময়দানে কমল মেলা উদ্বোধন করবেন তিনি। এরপর দুর্গাপুরে একটি বেসরকারি হোটেলে সাংগঠনিক বৈঠক করবেন। আগামীকাল শ্রী নবীন দুর্গাপুর ভিরিঙ্গি কালীমন্দিরে পূজা দেবেন এবং চিত্রালয় মেলা ময়দানে কার্যকর্তা সম্মেলনে অংশ নেবেন। রানীগঞ্জে অপর একটি সাংগঠনিক বৈঠকেও যোগ দেবেন।

ooooooooooooooooo

দক্ষিণ ২৪ পরগনার নাজিরাবাদে গোডাউনে আগুন লাগার ঘটনায় মৃতের সংখ্যা বেড়ে হয়েছে ৮। এখনও বেশ কয়েকজন নিখোঁজের সন্ধানে তল্লাশি চালানো হচ্ছে। গত রবিবার মধ্য রাতে ওই গোডাউনে আগুন লাগে। দমকলের ১২-টি ইঞ্জিন আগুন নিয়ন্ত্রণের চেষ্টা চালায়। তবে, এখনও পর্যন্ত আগুন সম্পূর্ণ নিয়ন্ত্রণে আসেনি। কিছু কিছু পকেট ফ্যায়ার থেকে আগুন ফের জ্বলে উঠছে। কাজ করছে দমকলের কয়েকটি ইঞ্জিন। আমাদের জেলা সংবাদদাতার একটি প্রতিবেদন-

(ভয়েসকাস্ট – গৌতম)

বিজেপি, এই অগ্নিকাণ্ড এবং মৃত্যুর জন্য রাজ্য সরকারের ভূমিকার তীব্র সমালোচনা করেছে। দলের প্রাক্তন রাজ্য সভাপতি, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার সোশ্যাল মিডিয়ায় অভিযোগ করেন, ভয়াবহ অগ্নিকাণ্ড ঘটে গেলেও যার তৎপরতা এই মুহূর্তে সবচেয়ে বেশি প্রয়োজন ছিল, সেই দমকল মন্ত্রীর কোনো হদিশ এখনো পর্যন্ত পাওয়া যায়নি। এই ঘটনায় এখনো পর্যন্ত প্রায় ৩০ জনের মৃত্যু হলেও রাজ্য প্রশাসন ও পুলিশ মৃতের প্রকৃত সংখ্যা আড়াল করছে বলে অভিযোগ করেন তিনি। এতগুলো নিরীহ মানুষের চরম পরিণতির জন্য রাজ্য সরকারই দায়ী বলে শ্রী মজুমদার মন্তব্য করেছেন।

ooooooooooooooooo

বিজেপি বেহালা শখের বাজারে পরিবর্তন সংকল্প সভায় আগুন লাগানোর ঘটনায় জড়িতদের শাস্তির দাবি জানিয়েছে। উল্লেখ্য, গত রবিবার শখের বাজারে সভা শেষ হওয়ার পর স্টেজ ও চেয়ার সহ অন্যান্য সামগ্রীতে আগুন লাগানো ও আক্রমণের প্রতিবাদে গতকাল সখেরবাজার পেট্রোল পাম্প থেকে ঠাকুরপুকুর থানা পর্যন্ত বিজেপি প্রতিবাদ মিছিল করে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সেই মিছিলে অংশ নেন। পরে এক প্রতিবাদ সভায় তিনি বলেন, বিজেপি রাজ্য জুড়ে শতাধিকের বেশি পরিবর্তন সংকল্প সভা ও পথসভার মধ্যে দিয়ে জনজাগরণ ঘটাচ্ছে। প্রধানমন্ত্রী নিজেও রাজ্যে এসে এই পরিবর্তন সংকল্প সভায় অংশ নিয়েছেন। ত্রিপুরার প্রাক্তন মুখ্যমন্ত্রী বিপ্লব দেবের উপস্থিতিতে শখের বাজারেও এই পরিবর্তন সংকল্প সভায় ব্যাঘাত ঘটাতে সমান্তরাল ভাবে মাইক বাজিয়ে কুরুচিকর স্লোগান দেওয়া এবং সভার মধ্যে দুষ্কৃতীদের পাঠিয়ে ক্রমাগত প্ররোচনা দেওয়া হয়েছে। আগুন লাগানোর ঘটনায় ভিডিওতে যাদের দেখা গেছে,অবিলম্বে তাদের গ্রেপ্তার করা না হলে তিনি ঠাকুরপুকুর থানায় গিয়ে বিক্ষোভ দেখাবেন বলে শ্রী অধিকারী স্পষ্ট জানিয়েছেন।

(বাইট-শুভেন্দু)

ooooooooooooooooo

কলকাতা হাইকোর্টে তৈরি হওয়া শিশু দিবা সদন বা ক্রেস, ৩০ দিনের মধ্যে চালু করার নির্দেশ দিয়েছেন প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থ সারথী সেনের ডিভিশন বেঞ্চ। পাশাপাশি ক্রেসের বকেয়া কাজ আগামী ৩ সপ্তাহের মধ্যে শেষ করার জন্য প্রশাসনকে নির্দেশ দেওয়া হয়েছে। জেলা আদালতগুলিতেও যাতে ক্রেসের সুবিধা চালু হয়, সে ব্যাপারে তিন সপ্তাহের মধ্যে প্রশাসনকে রিপোর্টও জমা দিতে হবে।

উল্লেখ্য, বর্তমান সময়ে আইনজীবীদের ছোটো পরিবারে শিশু দেখাশোনার সুবিধার্থে আদালতে ক্রেস চালু করার জন্য ২০১৯ সালে একটি জনস্বার্থ মামলা দায়ের হয়। ২০২১-এ তৎকালীন প্রধান বিচারপতি এসংক্রান্ত রূপরেখা স্থির করে দিলেও ক্রেস পুরোপুরি চালু করা সম্ভব হয়নি। তার প্রেক্ষিতেই এই নির্দেশ।

oooooooooooooooo

পশ্চিমী ঝঞ্ঝার কারণে তাপমাত্রা বাড়লেও শীতের আমেজ এখনি উধাও হচ্ছে না। রোদের তেজ বৃদ্ধি পাওয়ায় দিনের তাপমাত্রায় ঊর্দ্ধগতি থাকলেও আগামী কয়েকদিন সর্বনিম্ন তাপমাত্রায় স্বাভাবিক বা তার আশেপাশেই থাকবে।

কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৬ দশমিক ১ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে এক দশমিক চার ডিগ্রি বেশি।

আগামীকাল থেকে উত্তরবঙ্গের উত্তরের জেলাগুলিতে বিক্ষিপ্তভাবে হালকা বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

oooooooooooooooo

oooooooooooooooo